

## ৫টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৬ নভেম্বর ২০১৭ বিকাল ০৩.৩০ টায় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে মুন্সিগঞ্জ, ফরিদপুর, চাঁদপুর, সিরাজগঞ্জ ও বাগেরহাট জেলায় ৫টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (৩য় সংশোধিত) শীর্ষক স্টিয়ারিং কমিটি'র একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের কার্যক্রমের সার্বিক অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দেশে এবং বিদেশে নদী ও সমুদ্রগামী জলযান পরিচালনা এবং জাহাজ নির্মাণ শিল্পে দক্ষ লোকবলের ক্রমবর্তমান চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশী বেকার যুবক ও যুব-মহিলাদের প্রশিক্ষিত কর্মপোষোগী জনগোষ্ঠী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ প্রকল্পটি হাতে নেওয়া হয়। বর্তমানে এ প্রকল্পের ৩য় সংশোধনীর আওতায় ছাত্রী হোস্টেল নির্মাণ কাজ চলমান রয়েছে। ভারপ্রাপ্ত সচিব এ প্রকল্পের চলমান কাজের গুণগত মান ও নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তিনি এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রকল্প এলাকা নিয়মিত পরিদর্শনের পরামর্শ দেন। সভায় ৫টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সদস্যসহ মন্ত্রণালয় ও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এ প্রকল্পের ৩য় সংশোধনীর মাধ্যমে প্রতিটি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিতে একটি করে ছাত্রী হোস্টেল নির্মাণ কাজ চলমান রয়েছে।